

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা  
রেজিস্ট্রারের কার্যালয়  
(একাডেমিক শাখা)


স্মারক নং-খুবি/একা-২৩৪/২০২৩-৪৯৫

তারিখ: ২০/০৮/২০২৩খ্রি.

বিষয় : স্নাতক (পাশ ও অনার্স)/ সমমান শ্রেণিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সারা দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/ মাদ্রাসায়/ সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার জন্য ২০২৩-২৪ অর্থবছরে অনলাইন আবেদন আহবান।

সূত্র : ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১৬, তাং: ০১/০৮/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, উপবৃত্তি শাখা থেকে প্রাপ্ত পত্রটি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।


  
(প্রফেসর খান গোলাম কুদ্দুস)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং-খুবি/একা-২৩৪/২০২৩-৪৯৫

তারিখ: ২০/০৮/২০২৩খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি
- ২। উপাচার্য মহোদয়ের সচিব (উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি
- ৩। উপ-উপাচার্য মহোদয়ের সচিব (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি
- ৪। ট্রেজারার মহোদয়ের সচিব, খুবি (ট্রেজারার মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি
- ৫। সংশ্লিষ্ট নথি।
- ৬। গার্ড ফাইল।

  
(কাকলি রহমান)  
উপ-রেজিস্ট্রার  
ও শাখা প্রধান (একাডেমিক-০২)

২৬৬৭  
০৬/০৮/২০২৬



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
০১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১৬

বিষয়: স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সারা দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/মাদ্রাসায়/সমমান পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার ২০২৩-২৪ অর্থবছরের অনলাইন আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সারা দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/মাদ্রাসায়/সমমান পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদান করা হবে।

২। অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে ২০২৩-২৪ অর্থবছরে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/admission> -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ওয়েসবাইটের ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত, সে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ করে আবেদন করতে হবে।

৪। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করবেন। এছাড়া, অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুই লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৫। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গণ পরিবারের সন্তান, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানগণ ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তির স্বপক্ষে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৬। স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের সাথে সর্বশেষ যে শ্রেণি বা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তার সত্যায়িত নম্বরপত্র সংযুক্ত করতে হবে।

৭। বর্ণিতাবস্থায়, স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের ক্ষেত্রে ই-ভর্তি সহায়তার ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক <https://www.eservice.pmeat.gov.bd/admission> -এ লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজ-পত্র আপলোড করে ০৭/৮/২০২৩ থেকে ০৭/৯/২০২৩ খ্রি: তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০।

০১-০৮-২০২৩

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

০২-৫৫০০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি'টি অবহিত করার অনুরোধসহ)।